
# কালের পরিক্রমায়

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ




|১ নভেম্বর ২০১৮|

কালের পরিক্রমায়
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন উদ্বোধন উপলক্ষে প্রকাশিত স্মারক

**প্রকাশক**
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইটঃ www.bfa.gov.bd

**প্রকাশকাল**
১ নভেম্বর ২০১৮

**পাণ্ডুলিপি ও সার্বিক তত্ত্বাবধান**
মোঃ আজিজুর রহমান

**সম্পাদনা**
ইয়াকুব আলী

**সম্পাদনা সহকারী**
স্মিতা বড়ুয়া
মোঃ হাবিবুল্লাহ আল আহাদ
মোঃ ফখরুল আলম

**প্রচ্ছদ**
মোস্তফা কামাল ভূইয়া

**কম্পিউটার কম্পোজ**
মোঃ মনিরুল ইসলাম

**মুদ্রণ**
মিতু প্রিন্টিং প্রেস এন্ড প্যাকেজিং, ১০/১ নয়াপল্টন, ঢাকা।

## প্রতিষ্ঠার প্রেক্ষাপট

ষাটের দশক থেকেই ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা অনুভূত হয়। দেশ স্বাধীন হওয়ার পর বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান গড়ে উঠার সাথে সাথে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার বিষয়টিও চলে আসে। ১৯৭৫ সালের জানুয়ারি মাসে বাংলাদেশ চলচ্চিত্র সংসদের উদ্যোগে তিন সপ্তাহব্যাপী ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সে বিষয়টি আলোচিত হয়। কোর্সটি পরিচালনা করেন ভারতের পুনে ফিল্ম ইনস্টিটিউটের অধ্যাপক সতীশ বাহাদুর। কোর্সের সমন্বয়ক ছিলেন চলচ্চিত্রকার বাদল রহমান। চলচ্চিত্র সংসদের অনুরোধে অধ্যাপক সতীশ বাহাদুর, সৈয়দ সালাউদ্দিন জাকী, বাদল রহমান ও ভারতীয় ফিল্ম আর্কাইভের কিউরেটর পিকে নায়ার ১৯৭৫ সালে সদ্য স্বাধীন একটি দেশের উপযোগী ফিল্ম আর্কাইভের রূপরেখা প্রণয়ন করেন। এ বছরের জুন মাসে চলচ্চিত্র সংসদের পক্ষ থেকে ফিল্ম আর্কাইভের রূপরেখাটি তদানীন্তন তথ্য ও বেতার মন্ত্রণালয়ে পেশ করা হয়। ১৯৭৫ সালের ১৫ আগস্টের বিয়োগান্তক ঘটনার পর এ প্রক্রিয়া থমকে দাঁড়ায়। পরে ১৯৭৬ সালের জানুয়ারি মাস হতে চলচ্চিত্র সংসদের মাসিক ফিল্ম বুলেটিন এর প্রতিটি সংখ্যায় ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার জন্য সরকারের নিকট দাবি জানানো হয়।

১৯৭৬ সালের জুলাই মাসে চলচ্চিত্র সংসদ ও আমেরিকান কালচারাল সেন্টারের যৌথ উদ্যোগে চিত্রনাট্য বিষয়ক একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার গুরুত্বের বিষয়টি তুলে ধরা হয়। এরপর তথ্য মন্ত্রণালয় নয় সদস্যের একটি কমিটি গঠন করে। কমিটির সুপারিশের ভিত্তিতে ১৯৭৮ সালে তথ্য ও বেতার মন্ত্রণালয়ের অধীনে 'ফিল্ম ইনস্টিটিউট ও আর্কাইভ' নামে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮৪ সালে এনাম কমিটির সুপারিশের প্রেক্ষিতে 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ' নামে কার্যক্রম শুরু করে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট সামগ্রীর সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণে দেশের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে।



*বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের মূল প্রবেশদ্বার*





## বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বিরল সংগ্রহ

প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ দেশি-বিদেশি চলচ্চিত্র সংগ্রহ করে আসছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ভল্টে এ পর্যন্ত সর্বমোট ৩৮০৪ টি দেশি-বিদেশি চলচ্চিত্র সংরক্ষিত আছে। সংগৃহীত চলচ্চিত্রের মধ্যে বাংলাদেশে নির্মিত উল্লেখযোগ্য চলচ্চিত্র হচ্ছে : *মুখ ও মুখোশ* (১৯৫৬), *আসিয়া* (১৯৬০), *নদী ও নারী* (১৯৬৫), *সূর্যস্নান* (১৯৬২), *কখনো আসেনি* (১৯৬১), *কাঁচের দেয়াল* (১৯৬৩), *অনেক দিনের চেনা* (১৯৬৪), *নবাব সিরাজ উদ-দৌলা* (১৯৬৭), *জীবন থেকে নেয়া* (১৯৭০), *স্টপ জেনোসাইড* (১৯৭১), *এ স্টেট ইজ বর্ণ* (১৯৭১), *অরুণোদয়ের অগ্নিসাক্ষী* (১৯৭২), *তিতাস একটি নদীর নাম* (১৯৭৩), *পালঙ্ক* (১৯৭৬), *ওরা এগার জন* (১৯৭৪), *আলোর মিছিল* (১৯৭৪), *গোলাপী এখন ট্রেনে* (১৯৭৮), *সূর্য দীঘল বাড়ি* (১৯৭৯)। ভারতের চলচ্চিত্রের মধ্যে প্রমথেশ বড়ুয়ার *দেবদাস* (১৯৩৫), সত্যজিৎ রায়ের *পথের পাঁচালী* (১৯৫৫), *অপুর সংসার* (১৯৫৯); রাশিয়ার *ব্যাটেলশিপ পটেমকিন* (১৯২৫), *মাদার* (১৯২৬), *অক্টোবর* (১৯২৭); বুলগেরিয়ার *ব্ল্যাক এঞ্জেলস* (১৯৭০); জাপানের *রাশোমন* (১৯৫০); হাঙ্গেরির *গোল্ডেন কাইট*। ফ্রান্সের *ইনসিডেন্ট এ্যাট আওল ক্রিক* (১৯৬২), *ওয়েজেস অব ফিয়ার* (১৯৫৩) ইত্যাদি।

### বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সংগৃহীত চলচ্চিত্রের ক্যাটাগরি

| ক্র. নং | চলচ্চিত্রের ধরণ | ১৯৭৮-২০১৮ |
|---|---|---|
| ০১. | পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (প্রিন্ট) | ৮১৮ |
| ০২. | পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (নেগেটিভ) | ২০৯ |
| ০৩. | পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (ডিউপ) | ৭৯ |
| ০৪. | স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র (প্রিন্ট) | ২৪৫ |
| ০৫. | প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র (প্রিন্ট) | ১৪১৯ |
| ০৬. | প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র (নেগেটিভ) | ৪০১ |
| ০৭. | বিভিন্ন দেশের ইংরেজি চলচ্চিত্র (প্রিন্ট) | ১৩৩ |
| ০৮. | চায়নিজ চলচ্চিত্র | ২১৪ |
| ০৯. | চায়নিজ প্রামাণ্যচিত্র | ৭২ |
| | মোট | ৩,৮০৪ |

### ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে অন্যান্য সংগ্রহ

| ক্র. নং | বিবরণ | সংগ্রহ |
|---|---|---|
| ০১. | চলচ্চিত্র বিষয়ক বই | ৫,১৯১টি |
| ০২. | স্টিল ফটো | ৯,৪০১টি |
| ০৩. | ফটোসেট | ২,৮১৫টি |
| ০৪. | সিনেমার পোস্টার | ৭,০২১টি |
| ০৫. | স্যুটিং স্ক্রিপ্ট | ২,৫৪৫টি |
| ০৬. | গানের বই | ২৮৭টি |

| ক্র. নং | বিবরণ | সর্বমোট সংগ্রহ |
|---|---|---|
| ০৭. | ফিল্মের কাহিনী সংক্ষেপ | ১,৩৬৫টি |
| ০৮. | চলচ্চিত্র উৎসব সংক্রান্ত | ৮৮৫টি |
| ০৯. | ফিল্ম নিউজ ক্লিপিংস | ২৩,৪৪৩টি |
| ১০. | সাময়িকী | ১২,৩৯০টি |
| ১১. | বিবিধ ডকুমেন্ট | ১,৩৫৪টি |
| | সর্বমোট | ৬৬, ৬৯৭টি |

**ভবন নির্মাণের প্রেক্ষাপট:** প্রতিষ্ঠালগ্ন থেকে ঢাকার ধানমন্ডির শংকর বাসস্ট্যান্ডের কাছে একটি ভাড়াবাড়িতে কার্যালয় স্থাপন করা হয়। ১৯৮৭ সালে ফিল্ম আর্কাইভ স্থানান্তরিত হয় গণভবনে। গণভবনের ৩ নম্বর ব্লকের নীচতলা ও দোতলায় কার্যক্রম পরিচালনা করে প্রতিষ্ঠানটি। পরে ১৯৯৮ সালে স্থানান্তরিত হয় মোহাম্মদপুরের ১২ গজনবী রোডে। ২০০৭ সাল পর্যন্ত এ ভাড়া বাড়িতেই চলে ফিল্ম আর্কাইভের গুরুত্বপূর্ণ কার্যক্রম। এরপর শাহবাগ জাতীয় সম্প্রচার ভবনে ফিল্ম আর্কাইভের জন্য স্থান বরাদ্দ করা হয়। শাহবাগ হতে বিটিভির সদর দপ্তর রামপুরায় স্থানান্তরিত হওয়ায় এ সুযোগ সৃষ্টি হয়। এরপর টানা দশ বছর বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ঠিকানা হয় ১২১ কাজী নজরুল ইসলাম এভিনিউ। ২০১৭ সালের মাঝামাঝি সময় পর্যন্ত সেখানেই কার্যক্রম পরিচালিত হয়।





*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন*

ফিল্ম আর্কাইভে সংরক্ষিত ডকুমেন্টের সংখ্যা প্রায় ৭৭ হাজার। বিপুল সংখ্যক মূল্যবান এই চলচ্চিত্র ও ডকুমেন্ট সংরক্ষণের জন্য একটি যুগোপযোগী ও আধুনিক কারিগরি সুবিধা সম্পন্ন ফিল্ম সংরক্ষাণাগারের দূরদর্শী পরিকল্পনা নিয়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন নির্মাণ বর্তমান সরকারের এক মহতী প্রয়াস। সরকার আগারগাঁও প্রশাসনিক এলাকায় এফ-৫ চিহ্নিত প্লটে ১.৮৬ একর জমি বরাদ্দ প্রদান করে। পরবর্তীতে সার্বিক আনুষ্ঠানিকতা শেষে ২০১১ সালের ১১ অক্টোবর তারিখে একনেকে ভবন নির্মাণ প্রকল্পটি অনুমোদিত হয়। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিল্ম আর্কাইভ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বিশাল কর্মযজ্ঞ শেষে ২০১৭ সালের ৩০ জুন তারিখে ফিল্ম আর্কাইভ ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হয়। অবসান ঘটে প্রায় চার দশকের প্রতীক্ষার। এবছরের জুন-জুলাই মাসেই শাহবাগ হতে আর্কাইভ স্থানান্তরিত হয় আগারগাঁওয়ে।







*৩০০ আসনের অত্যাধুনিক ফিল্ম প্রজেকশন হল*

**ভবনের লক্ষ্য ও উদ্দেশ্য:** আর্কাইভে সংরক্ষিত চলচ্চিত্র ও ডকুমেন্টসমূহ আমাদের জাতীয় সম্পদ। এ সম্পদ দিন দিন বাড়তেই থাকবে। কেননা ভবিষ্যতে যেসব চলচ্চিত্র নির্মিত হবে সেগুলোও সংরক্ষিত হবে আর্কাইভ ভবনের ভল্টে। চলচ্চিত্র সংরক্ষণের পাশাপাশি রয়েছে নিয়মিত সেমিনার-ওয়ার্কশপ, প্রদর্শনী ও সংলাপ আয়োজনের ব্যবস্থা। ফিল্ম ডিজিটালাইজেশন ও রেস্টোরেশনের আধুনিক যন্ত্রপাতি আগেই সংগ্রহ করা হয়েছিল। চলচ্চিত্রামোদী কলাকুশলীগণকে আধুনিক প্রযুক্তিগত সুবিধা প্রদানের মাধ্যমে এ দেশের চলচ্চিত্রকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের ক্ষেত্রেও এ ভবন সুদূরপ্রসারী ভূমিকা রাখবে।

**প্রকল্প ব্যবস্থাপনা:** ডিপিপি অনুযায়ী ভবন নির্মাণ প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ সাল পর্যন্ত। ৮৬ কোটি ৭৫ লক্ষ টাকা (জাপান সরকারের ঋণ মওকুফ তহবিল-জেডিসিএফ এর ৭৫ কোটি টাকা এবং জিওবির ১১ কোটি ৭৫ লক্ষ টাকা) ব্যয়ে ভবনটি নির্মিত হয়। স্থাপত্য অধিদপ্তর প্রণীত নকশায় ভবনের নির্মাণ কাজের দায়িত্ব পালন করেছে গণপূর্ত অধিদপ্তর। ভবন নির্মাণের সামগ্রিক কাজের তত্ত্বাবধান, মনিটরিং, বাস্তবায়নের দায়িত্ব প্রকল্প পরিচালকের উপর ন্যাস্ত থাকলেও সার্বিক দিকনির্দেশনার জন্য ছিল দুইটি গুরুত্বপূর্ণ কমিটি: ১. তথ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রজেক্ট স্টিয়ারিং কমিটি ২. মহাপরিচালকের সভাপতিত্বে প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি। প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারেরর ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ আখতারুজ্জামান (০১/০১/২০১২ খ্রি. হতে ১৪/০৭/২০১৫ খ্রি.) ও ত্রয়োদশ ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ নিজামুল কবীর (১৫/৭/২০১৫ খ্রি. হতে ৩০/৬/২০১৭ খ্রি.)।



*বিশেষায়িত ভল্টে সজ্জিত বিভিন্ন চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র*

**ভবনের অবকাঠামোগত সুবিধাদি:** নবনির্মিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনে রয়েছে ২৮,৫০০ বর্গফুটের একটি বেইজমেন্ট ফ্লোর। ভবনের মোট ফ্লোর এরিয়া ১,৯৯,৫০০ বর্গফুট। এ ভবনের অবকাঠামোগত সুবিধাদি নিম্নরূপ:

**বিশেষায়িত ফিল্ম ভল্ট:** স্টক এরিয়া, ফিল্ম চেকিং, ক্যাটালগিং ও রেকর্ডিং এর ডকুমেন্টাল জোন ছাড়াও কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত ৬টি বিশেষায়িত ফিল্ম ভল্ট নির্মাণ করা হয়েছে নবনির্মিত ভবনে। ভল্টগুলো হলো -৮° সে, -৪° সে, ০° সে, +৪° সে, +৮° সে. ও +১২° সে. তাপমাত্রার। প্রতি ফ্লোরে রয়েছে ফিল্ম বাফারিং জোন।

**ফিল্ম ল্যাবরেটরি:** ফিল্ম ফরমেট থেকে ডিজিটাল ফরমেটে রূপান্তরের মাধ্যমে দীর্ঘমেয়াদে সংরক্ষণের উপযোগী ফিল্ম ল্যাব রয়েছে নতুন ভবনে। রিয়েল টাইম ফিল্ম স্ক্যানার, কালার কারেকশন ইউনিট, ডুয়াল কোর ফিল্ম এডিটিং মেশিন, পোস্টার স্ক্যানার ও লেমিনেটিং মেশিন রয়েছে ইউনিটটিতে।




*ফিল্ম চেকিং ও এনালগ থেকে ডিজিটালে রূপান্তরের বিভিন্ন ধাপ*

**ফিল্ম মিউজিয়াম:** চলচ্চিত্র শিল্পের বিবর্তনের দেশীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট, উপকরণ, পুরাতন যন্ত্রপাতি, পরিমণ্ডল, প্রকাশনা, পোষাক, অলংকার, সেট, প্রতিকৃতি, পাণ্ডুলিপি, চিত্রনাট্য, ফুটেজ, স্মৃতিচিহ্ন, ইতিহাস ইত্যাদি সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য নবনির্মিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের দোতলায় গড়ে তোলা হচ্ছে ফিল্ম মিউজিয়াম। মিউজিয়ামটি শিগগিরই চলচ্চিত্রামোদীদের জন্য আকর্ষণীয় স্থানে পরিণত হবে।

**লাইব্রেরি:** ফিল্ম আর্কাইভ লাইব্রেরিতে রয়েছে পাঁচ হাজারেরও অধিক সংখ্যক চলচ্চিত্র বিষয়ক বই। রয়েছে দুর্লভ চিত্রনাট্যসমূহ। আছে পুরাতন সব চলচ্চিত্র বিষয়ক সাময়িকী। গবেষণা ও পড়ার জন্য রিডিং এরিয়া, জার্নাল, চলচ্চিত্র বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক জার্নাল, পত্রিকা, ম্যাগাজিন, গ্রন্থ, ভিডিও ফিল্ম, সিডি, ডিভিডি, পোস্টার, ছবি ইত্যাদি নিয়ে একটি ডুপ্লেক্স লাইব্রেরি গড়ে তোলা হয়েছে নবনির্মিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনে। এছাড়া পোস্টার, স্থিরচিত্রসহ অন্যান্য সংরক্ষিত ডকুমেন্টসমূহের জন্য রয়েছে ডিসপ্লে কক্ষ।




*ডুপ্লেক্স লাইব্রেরির একাংশ: (বামে) চলচ্চিত্রের স্ক্রিপ্ট (ডানে) চলচ্চিত্র বিষয়ক বই*







*বাফিআ ভবনে ৫০০ আসনের অত্যাধুনিক মাল্টিপারপাস হল*

**অডিটরিয়াম, প্রজেকশন হল ও কনফারেন্স সেন্টার:** দেশীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব, নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনী, দিবস উদযাপন, প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ইত্যাদি অনুষ্ঠান আয়োজনে ৫০০ আসন বিশিষ্ট একটি মাল্টিপারপাস অডিটরিয়াম, নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনীর জন্য ৩০০ আসন বিশিষ্ট একটি প্রজেকশন হল এবং বিভিন্ন সভা, সেমিনার ইত্যাদি আয়োজনের জন্য ১২০ আসন বিশিষ্ট সেমিনার হল রয়েছে এ ভবনে।

**ফিল্ম সেন্টার:** চলচ্চিত্র বিষয়ক গবেষণা, আলোচনা, প্রদর্শন, অধ্যয়ন, ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স, থিয়েটার, এলামনাই কর্নার, উৎসব আয়োজন অফিস (সেক্রেটারিয়েট), অতিথি কক্ষ, ক্যাফেটেরিয়া ইত্যাদি সুবিধাসহ একটি ফিল্ম সেন্টার গড়ে তোলা হয়েছে নবনির্মিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনে।



*প্রশাসনিক ইউনিটের একাংশ*

**প্রশাসনিক ইউনিট:** ভবনের ৬ষ্ঠ ও ৭ম তলায় গড়ে তোলা হয়েছে পৃথক প্রশাসনিক ইউনিট। ৬ষ্ঠ তলায় রয়েছে মহাপরিচালকের দপ্তর, পরিচালকের দপ্তর, সহকারী পরিচালক (রক্ষণাবেক্ষণ) এর কক্ষ, ফিল্ম শাখা, ডাটাবেজ সার্ভার, সভাকক্ষ ও ডিজিটাল ফিল্ম ল্যাব। ৭ম তলায় আছে সহকারী পরিচালক (অপারেশন) এর কক্ষ, প্রশাসন শাখা, হিসাব শাখা, স্টোর শাখা ও ডাটাবেজ এডমিন।

## ভবন নির্দেশিকা

| | |
|---|---|
| বেইজমেন্ট | ফিল্ম ভল্ট-০১, ফিল্ম ভল্ট-০২ ও পার্কিং |
| নিচতলা | ফিল্ম ভল্ট-০৩, অভ্যর্থনা, ক্যাফেটেরিয়া, পার্কিং ও এ্যালামনাই কর্নার |
| ২য় তলা | ফিল্ম ভল্ট-০৪, প্রজেকশন হল, সেমিনার হল, ফেস্টিভ্যাল অফিস, ফিল্ম মিউজিয়াম ফিল্ম হাসপাতাল, ফিল্ম চেকিং, ফিল্ম ক্লিনিং ও ডকুমেন্ট কক্ষ |
| ৩য় তলা | ফিল্ম ভল্ট-০৫, স্টোর (ফিল্ম), ফিল্ম রিসার্চ জোন ও ফিল্ম এক্সিবিশন |
| ৪র্থ তলা | ফিল্ম ভল্ট-০৬, অডিটরিয়াম, লাইব্রেরি ও নামায কক্ষ |
| ৫ম তলা | লাইব্রেরি ও অডিটরিয়াম |
| ৬ষ্ঠ তলা | মহাপরিচালকের দপ্তর, পরিচালকের দপ্তর, সহকারী পরিচালক (মেইনটেন্যান্স), ফিল্ম শাখা, ডাটাবেজ সার্ভার, সভা কক্ষ ও ডিজিটাল ফিল্ম ল্যাবরেটরি |
| ৭ম তলা | সহকারী পরিচালক (অপারেশন), কারিগরি শাখা, প্রশাসন শাখা, হিসাব শাখা, স্টোর শাখা (সাধারণ) ও ডাটাবেজ এডমিন। |

**ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চলচ্চিত্রের ওপর ইতোমধ্যে সাতটি ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স এবং দুটি উচ্চতর ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স পরিচালনা করেছে। প্রায় ৪৫০ জন শিক্ষার্থী এসব কোর্স থেকে প্রশিক্ষণ নিয়ে চলচ্চিত্র শিল্পের বিভিন্ন ক্ষেত্রে নিয়োজিত হয়েছেন। এদের মধ্যে তানভীর মোকাম্মেল, মোরশেদুল ইসলাম, তারেক মাসুদ, আবু সাঈদ, খালেদ মাহমুদ মিঠু, মানজারে হাসীন মুরাদ, কনক চাঁপা চাকমা প্রমুখ স্বনামধন্য। স্থান সংকটে ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সটি সাময়িকভাবে বন্ধ ছিল। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নতুন ভবনে স্থানান্তরিত হওয়ায় নতুনভাবে ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স শুরু করার উদ্যোগ নেয়া হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে দুটি কোর্স পরিচালনার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।



*৪০তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু*






## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নির্মিত চলচ্চিত্র ব্যক্তিত্ববর্গের সাক্ষাৎকার ভিত্তিক ডকুমেন্টরির তালিকা:

| ক্র.নং | নাম | সন |
|---|---|---|
| ০১. | রানী সরকার | ২০১৪ |
| ০২. | এ.টি.এম শামসুজ্জামান | ২০১৪ |
| ০৩. | তন্দ্রা রানী মজুমদার (সুজাতা) | ২০১৪ |
| ০৪. | খলিল উল্লাহ খান | ২০১৪ |
| ০৫. | সৈয়দ হাসান ইমাম | ২০১৪ |
| ০৬. | আকবর হোসেন পাঠান (ফারুক) | ২০১৪ |
| ০৭. | প্রবীর মিত্র | ২০১৫ |
| ০৮. | নায়করাজ রাজ্জাক | ২০১৪ |
| ০৯. | ইফতেখারুল আলম | ২০১৫ |
| ১০. | ফেরদৌসী রহমান | ২০১৫ |
| ১১. | পিয়ারী বেগম | ২০১৫ |
| ১২. | এম এ মোবিন | ২০১৫ |
| ১৩. | সৈয়দ সালাহ উদ্দিন জাকী | ২০১৬ |
| ১৪. | মঞ্জুর হোসেন | ২০১৬ |
| ১৫. | মিরানা জামান | ২০১৬ |
| ১৬. | তন্দ্রা ইসলাম | ২০১৬ |

| ক্র.নং | নাম | সন |
|---|---|---|
| ১৭. | মসিহ্‌উদ্দিন শাকের | ২০১৬ |
| ১৮. | আব্দুল জব্বার | ২০১৬ |
| ১৯. | চৌধুরী বদরুজ্জামান | ২০১৬ |
| ২০. | মাহবুবা রহমান | ২০১৬ |
| ২১. | আফজাল চৌধুরী | ২০১৬ |
| ২২. | আনোয়ারা | ২০১৭ |
| ২৩. | সোহেল রানা | ২০১৭ |
| ২৪. | আজাদ রহমান | ২০১৭ |
| ২৫. | অঞ্জনা | ২০১৭ |
| ২৬. | মোঃ ফজলে হক | ২০১৭ |
| ২৭. | আজিজুর রহমান | ২০১৭ |
| ২৮. | এস এম তৌহিদ বাবু | ২০১৮ |
| ২৯. | শেখ আব্দুল লতিফ | ২০১৮ |
| ৩০. | অনুপম হায়াৎ | ২০১৮ |
| ৩১. | আমজাদ আলী খন্দকার | ২০১৮ |

### বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাম্প্রতিক অর্জনসমূহ :



UNITED NATIONS EDUCATIONAL, SCIENTIFIC AND CULTURAL ORGANIZATION

Certifies the inscription of

*The Historic 7th March Speech of Bangabandhu Sheikh Mujibur Rahman*

*Bangladesh Film Archive*
(Institution)

*Dhaka* (Town) — *Bangladesh* (Country)

ON THE MEMORY OF THE WORLD INTERNATIONAL REGISTER

*30 October 2017* (Date)

Irina Bokova
Director-General, UNESCO

*ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংরক্ষণের আন্তর্জাতিক স্বীকৃতি*

**ইউনেস্কোর স্বীকৃতি:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের অংশ হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি লাভের ক্ষেত্রে রাষ্ট্রের অন্যতম প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ভূমিকার স্বীকৃতি মিলেছে। ভাষণটি সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করায় ইউনেস্কো বাংলাদেশ ফিল্ম আর্কাইভকে সনদটি প্রদান করেছে।

**নতুন পদ সৃজন:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভে বর্তমান জনবল মাত্র ৪৮। প্রয়োজনের তুলনায় এ সংখ্যা খুবই স্বল্প। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সম্প্রতি নতুন ৫০ টি পদ সৃজিত হয়েছে। নতুনভাবে সৃষ্ট পদগুলো হলো: পরিচালক (আর্কাইভ ও গবেষণা-১টি), উপপরিচালক (প্রশাসন ও অর্থ/গবেষণা ও লাইব্রেরি/আর্কাইভ-৩টি), সহকারী পরিচালক (প্রশাসন ও ভাণ্ডার/অর্থ ও বাজেট/লাইব্রেরি/ফিল্ম ৪টি), রসায়নবিদ (১টি), সহকারী প্রোগ্রামার (১টি), সহকারী ক্যামেরাম্যান (১টি) ফিল্ম এডিটর (১টি), গবেষণা সহযোগী (১টি), ফিল্ম চেকার (১টি), এসি সুপার (১টি), ফিল্ম ক্যাটালগার (১টি), ক্যাটালগার (১টি), সহকারী ভিডিও এডিটর, নিরাপত্তা পরিদর্শক (১টি)সহ ৩৩ টি ক্যাটাগরির পদ রয়েছে। পদগুলোর স্কেলভেটিং এর বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এসব পদে নিয়োগ সম্পন্ন হলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে কর্মচাঞ্চল্য আরো পরিব্যাপ্ত হবে।

**উন্নয়ন প্রকল্প:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৭১ কোটি টাকা ব্যয় সম্বলিত 'দেশি-বিদেশি উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক একটি প্রকল্প প্রণয়ন করেছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সমৃদ্ধ হওয়ার পাশাপাশি মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণার এক নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে আশা করা যায়।



*ভবনের দোতলায় ফ্রি স্পেস*



*ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল*

**স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ২০২১ সালে ঢাকায় ফিয়াফ সম্মেলন:** বিশ্বের ফিল্ম আর্কাইভসমূহের আন্তর্জাতিক সংগঠন হচ্ছে ফিয়াফ (International Federation of Film Archives- FIAF)। প্রতিষ্ঠার দুই বছরের মধ্যে ১৯৮০ সালে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ফিয়াফের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বিগত কয়েক বছর যাবৎ ফিয়াফ কংগ্রেস বাংলাদেশে আয়োজনের প্রচেষ্টা চালিয়ে আসছিল। ২০১৭ সালে চেক প্রজাতন্ত্রের রাজধানী প্রাগে অনুষ্ঠিত ফিয়াফ কংগ্রেসে ভোটে সিদ্ধান্ত হয় যে ফিয়াফের ৭৭তম কংগ্রেস বাংলাদেশে অনুষ্ঠিত হবে। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছর ২০২১ সালের ২৮ মার্চ-৪ এপ্রিল সময়কালে এ সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ইতোমধ্যেই এ ব্যাপারে কাজ এগিয়ে চলছে। বিশ্বের শতাধিক দেশের প্রায় চার শতাধিক প্রতিনিধি এ সম্মেলনে অংশগ্রহণ করবেন বলে ধারণা করা হচ্ছে। সম্মেলনের মূল ভেন্যু হিসেবে ফিল্ম আর্কাইভ ভবনকে নির্বাচিত করা হয়েছে।

fiaf







*২৬০ টন সেন্ট্রাল এসির ডাক্ট*



*প্রশাসনিক ইউনিটে সভাকক্ষ*

## সিটিজেনস চার্টার

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নাগরিকদের নিম্নবর্ণিত সেবাসমূহ প্রদান করে থাকে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক [ফোন: ৫৮১৫৭৯৮৪, ০১৭৯৮-৪০৮১০৩ (মোবাইল) ইমেইল: bfarchivebd@gmail.com)]

১. **চলচ্চিত্র সংরক্ষণ:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভে চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্রের নেগেটিভ, প্রিন্ট, ডিজিটাল কপি সংরক্ষণ করা হয়। সংরক্ষণের জন্য মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে।

২. **চলচ্চিত্র প্রদর্শন:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংগৃহীত ও সংরক্ষিত চলচ্চিত্র থেকে সপ্তাহে একদিন সর্বসাধারণের জন্য বিনা দর্শনীতে চলচ্চিত্র নিয়মিতভাবে প্রদর্শিত হয়।

৩. **চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল নামে একটি চলচ্চিত্র জার্নাল ও চলচ্চিত্র বিষয়ক গ্রন্থ প্রকাশ করা হয়। লেখকদের সরকার নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয়। নির্ধারিত মূল্যে জার্নাল ও অন্যান্য প্রকাশনী বিক্রয় করা হয়।

৪. **চলচ্চিত্র/ফুটেজের কপি সরবরাহ:** ৩০ মিনিট স্থায়িত্বের ফুটেজ ১০০০/-(এক হাজার) টাকা।৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা এবং ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা। কপিরাইট আইটেমের ক্ষেত্রে আবেদনকারীকে স্বত্বাধিকারীর অনুমতি নিতে হবে।

৫. **গবেষণা ফেলোশিপ প্রদান:** গবেষণার বিষয় নির্ধারনপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র প্রদান ও গবেষণা ফেলোশিপের জন্য বিজ্ঞপ্তি মোতাবেক মহাপরিচালক বরাবরে আবেদন করতে হয়।

৬. **অডিটোরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ভাড়া:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৫০০ আসনের অডিটোরিয়াম, ৩০০ আসনের প্রজেকশন হল ও ১২০ আসনের সেমিনার হল ভাড়া নিতে হলে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। সরকার নির্ধারিত ভাড়া প্রদান করতে হবে। সেবাটি শিগগিরই চালু হবে।

৭. **লাইব্রেরি ব্যবহার:** সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত অফিস সময়ে লাইব্রেরি সকলের জন্য উন্মুক্ত থাকে।

৮. **চলচ্চিত্র প্রদর্শনের জন্য ব্যবস্থা:** ফি প্রদান সাপেক্ষে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, ফিল্ম সোসাইটি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের শিক্ষার্থীগণ এ দপ্তরের প্রজেকশন হলে চলচ্চিত্র প্রদর্শন করতে পারবে। তবে প্রজেকশন হল ব্যবহারের জন্য প্রতি শিফটের ভাড়া প্রদান করতে হবে। সেবাটি শিগগিরই চালু হবে।

**৯. পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার:** নির্ধারিত ফি দিয়ে সংরক্ষিত পুরনো বিভিন্ন ছায়াছবির পোস্টার ও স্থিরচিত্র ব্যবহার করা যায়। এজন্য সরকার নির্ধারিত হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

**১০. ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স:** বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স/উচ্চতর ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সের আয়োজন করে থাকে। কোর্সে সফলকাম শিক্ষার্থীদের সনদপত্র প্রদান করা হয়। ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। নির্ধারিত হারে কোর্স ফি প্রদান করতে হয়।

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাবেক দপ্তর প্রধানগণের তালিকা

| ক্র. নং | নাম | ক্র. নং | নাম |
|---|---|---|---|
| ০১। | জনাব এ.কে.এম আব্দুর রউফ | ০৯। | জনাব আমিনুল ইসলাম |
| ০২। | জনাব এম. গোলাম পাঞ্জাতন | ১০। | জনাব আবু জাফর মোঃ ইকবাল |
| ০৩। | জনাব মোঃ মকবুল আহমেদ | ১১। | জনাব ইফতেখার হোসেন |
| ০৪। | জনাব এ.কে.এম আমজাদ হোসেন | ১২। | মিজ কামরুন নাহার |
| ০৫। | জনাব মোঃ মাহবুবুল আলম | ১৩। | জনাব এ.কে.এম. শামীম চৌধুরী |
| ০৬। | জনাব অখিল বন্ধু নাগ | ১৪। | জনাব মোঃ আব্দুল মান্নান |
| ০৭। | মিজ হাফিজা আখতার | ১৫। | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন |
| ০৮। | ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন | ১৬। | জনাব শচীন্দ্র নাথ হালদার |



*১২০ আসনের সেমিনার হল*





## বাংলাদেশ ফিল্ম আর্কাইভে কর্মরত কর্মকর্তাগণের তালিকা

| ক্র. নং | নাম ও পদবী | ফোন নম্বর ও ই-মেইল |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আজিজুর রহমান<br>মহাপরিচালক | ফোন-৯১১১৭৭২, মোবাইল- ০১৭১৫৮৭২৮২৮<br>dg.info@bfa.gov.bd, bfarchivebd@gmail.com |
| ২. | জনাব ইয়াকুব আলী<br>পরিচালক | ফোন-৫৮১৫৭৯৮৪, মোবা: ০১৭৯৮৪০৮১০৩<br>director.info@bfa.gov.bd, bfarchivebd@gmail.com |
| ৩. | জনাব মোহাম্মদ আরিফুজ্জামান<br>সহকারী পরিচালক | ফোন-৫৮১৫৭৫৩৬, মোবাইল নং-০১৯৩৬৮৫৬৭৭০<br>arif.bfa@gmail.com |
| ৪. | জনাব মোঃ মনিরুজ্জামান<br>সহকারী পরিচালক | ফোন-৫৮১৫৭৯৮৬, মোবাইল নং-০১৬৭৫৫১১০৬১<br>monirbfa@gmail.com |
| ৫. | মিজ নিলুফা আক্তার<br>প্রশাসনিক কর্মকর্তা | ফোন-৫৮১৫৭৯৮২, মোবাইল নং-০১৯২২৫৪২৬০৪<br>nilufabfa@gmail.com |
| ৬. | জনাব মোহাম্মদ রাশেদুল আলম গাজী<br>উপ-সহকারী প্রকৌশলী | মোবাইল নং-০১৮১৫০০০২১৯<br>gazibfa@gmail.com |
| ৭. | মিজ স্মিতা বড়ুয়া<br>উপ-সহকারী প্রকৌশলী | মোবাইল নং-০১৭৪৪২৭২৩৩৬<br>smitabfa@yahoo.com |
| ৮. | মিজ সাবিনা ইয়াসমিন<br>উপ-সহকারী প্রকৌশলী | মোবাইল নং-০১৯৩৩৫১৪৭৬১<br>sabinabfa@gmail.com |
| ৯. | জনাব মোঃ হাবিবুল্লাহ আল আহাদ<br>উপ-সহকারী প্রকৌশলী | মোবাইল নং-০১৭১৮৩৮৪২৫১<br>habibullah.al.ahad@gmail.com |
| ১০. | জনাব মোহাম্মদ আনিসুর রহমান<br>স্টোর অফিসার | মোবাইল নং-০১৭১৫২৪৫৫৯১<br>ranisur371@gmail.com |
| ১১. | মিজ নাজমা বেগম<br>হিসাবরক্ষণ কর্মকর্তা | ফোন-৫৮১৫৭৯৮৩, মোবাইল নং-০১৮১২৩৯৫০৪৫<br>nazmabegum1974@gmail.com |
| ১২. | মিজ আছমা আক্তার<br>লাইব্রেরিয়ান | মোবাইল নং-০১৭৬৬৪৫১৫৬৪<br>bfarchivebd@gmail.com |
| ১৩. | জনাব মোঃ ফখরুল আলম<br>ফিল্ম অফিসার | মোবাইল নং-০১৭১৬৬৫৬৩২০<br>shohag1965@gmail.com |

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রকাশিত বইয়ের তালিকা

১. *বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২৫ বছর : রজতজয়ন্তী স্মারক গ্রন্থ*, ২০০৪।
২. *উদয়ন চৌধুরী*, সুহৃদ জাহাঙ্গীর, ২০০৯।
৩. *বাংলাদেশের শিশুতোষ চলচ্চিত্র : একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা*, তপতী বর্মন ও ইমরান ফিরদাউস, ২০০৯।
৪. *বাংলাদেশের জনপ্রিয় ধারার চলচ্চিত্র ও সিনে সাংবাদিকতার আন্তঃপ্রভাব*, অদিতি ফাল্গুনী গায়েন ও হুমায়রা বিলকিস, ২০০৯।
৫. *WOMEN ON SCREEN: Representing Women by Women in Bangladesh Cinema*, Bikash Ch. Bhowmick, 2009.
৬. *চলচ্চিত্রের গানে ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামান*, তপনবাগচী, ২০১০।

৭. *সুমিতা দেবী*, অব্যয় রহমান; প্রথম সংস্করণ- ২০০৯, দ্বিতীয় সংস্করণ- ২০১১।
৮. *চলচ্চিত্রকার সালাহউদ্দিন*, হারুনর রশীদ; প্রথম সংস্করণ- ২০০৯, দ্বিতীয় সংস্করণ- ২০১১।
৯. *বাংলাদেশের চলচ্চিত্রে শিশুর উপস্থাপন : শিশুতোষ মনোভঙ্গির নৈতিক ও শৈল্পিক পটভূমি*, ড. মো.আমিনুল ইসলাম, ২০১১।
১০. *বাংলাদেশের চলচ্চিত্রের পঞ্চাশ বছর : লোকজীবনের উপস্থাপনা*, ড. তপন বাগচী, ২০১১।
১১. *বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার পটভূমি পর্যালোচনা*, মো. রফিকুল ইসলাম, ২০১১।
১২. *বাংলাদেশের মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র*, অনুপম হায়াৎ, ২০১১।
১৩. *মুক্তিযোদ্ধা শিল্পী এ. কে. এম. আব্দুর রউফ* : স্মারক গ্রন্থ, ২০১১।
১৪. *বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি*, ২০১১।
১৫. *আমাদের চলচ্চিত্র*, মো. ফখরুল আলম; প্রথম সংস্করণ- ২০১১, দ্বিতীয় সংস্করণ- ২০১২।
১৬. *Digital Filmmaking in Bangladesh: Potential Trends and Problems,* Dr. FahmidulHaq, 2012.
১৭. *চলচ্চিত্রকার বাদল রহমান : জীবন ও কর্ম*, আবু সাঈদ মো. মেহেদী হাসান, ২০১২।
১৮. *চলচ্চিত্র শিল্পী আব্দুস সামাদ : জীবন* ও কর্ম, ড. রশীদ হারুন, ২০১২।
১৯. *মুক্তিযুদ্ধের চলচ্চিত্রে নারী নির্মাণ*, ড. কাবেরী গায়েন, ২০১২।
২০. *কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম*, মীর শামছুল আলম বাবু, ২০১৩।
২১. *তারেক মাসুদ*, রুবাইয়াৎ আহমেদ, ২০১৩।
২২. *বাংলাদেশের চলচ্চিত্র সংসদ আন্দোলন : পটভূমি, আদর্শ ও লক্ষ্য এবং কার্যক্রম (১৯৬৩-২০১১)*, অব্যয় রহমান, ২০১৩।
২৩. *লালনের জীবন নির্ভর চলচ্চিত্রে লালন দর্শনের রেপ্রিজেন্টেশন*, নন্দিতা তাবাসসুম খান, ২০১৩।
২৪. *অভিনয় শিল্পী সুলতানা জামান: জীবন ও কর্ম*, সুচিত্রা সরকার, ২০১৪।
২৫. *বাংলাদেশের প্রেক্ষাগৃহ : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ*, জান্নাতুল ফেরদৌস ঝুমা, ২০১৪।
২৬. *বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে এফডিসি'র ভূমিকা : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ*, মো. রাজিবুল হাসান, ২০১৪।
২৭. *বাংলাদেশের যৌথ প্রযোজনার চলচ্চিত্র : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্ভাবনা*, মো. আরিফুর রহমান খান, ২০১৬।
২৮. *বাংলাদেশের প্রামাণ্য চলচ্চিত্র : উদ্ভব, বিকাশ ও সাম্প্রতিক প্রবণতা*, জাহেদুর রহমান আরমান, ২০১৬।
২৯. *সাহিত্য নির্ভর বাংলাদেশের চলচ্চিত্র : নারীর অবস্থান*, অনুপম হাসান, ২০১৬।
৩০. *দর্শকের মুখ*, তানিয়া সুলতানা ও আবুল খায়ের মোহাম্মদ আতিকুজ্জামান, ২০১৬।
৩১. *বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি*, ২০১৬।
৩২. *বাংলাদেশের চলচ্চিত্রশিল্পের বাণিজ্যিক স্বরূপ অনুসন্ধান*, খান ফেরদৌসর রহমান, ২০১৬।
৩৩. *চিত্রসম্পাদক বশীর হোসেন*, মীর শামছুল আলম বাবু, ২০১৬।
৩৪. *বাংলাদেশি সিনেমার স্মৃতি জাগানিয়া গান*, আসলাম আহসান, ২০১৬।
৩৫. *বাংলাদেশের চলচ্চিত্রে পোস্টারের বিবর্তন : চিত্রকলা থেকে ডিজিটাল পুনরুৎপাদনের স্বরূপ বিশ্লেষণ*, মো. মোশারফ হোসেন ও তানিয়া সুলতানা, ২০১৬।
৩৬. *সিনেমার পোস্টার : ১ম খণ্ড (১৯৫৬-১৯৮৬)*, সম্পাদক, ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ও মো. জাহাঙ্গীর হোসেন, ২০১৬।
৩৭. *বাংলাদেশের সিনেমার ব্যানার পেইন্টিং : বিলুপ্তপ্রায় শিল্প শৈলী*, শাওন আকন্দ, ২০১৭।






৩৮. *বাংলাদেশের চলচ্চিত্রে পোশাক ও রূপসজ্জা : একটি তাত্ত্বিক পর্যালোচনা*, রীপা রায়, ২০১৭।
৩৯. *ওবায়েদ উল হক চলচ্চিত্রকার ও সাংবাদিক* : শামীমা চৌধুরী, ২০১৭।
৪০. *বিবর্তনের ধারায় বাংলাদেশের চলচ্চিত্রের গান : ১৯৫৬-২০১৫*, মিজ রুখসানা করিম (কানন), ২০১৭।
৪১. *জহির রায়হানের চলচ্চিত্র : সমাজ ভাবনা*, মিজ মাহমুদা চৌধুরী ও আয়শা আক্তার কনা, ২০১৭।
৪২. *চলচ্চিত্রের আমদানী ব্যবস্থাপনা: বিতর্ক, নেপথ্যে এবং সম্ভাবনা*, মো. আরিফুর রহমান খান, ২০১৮।
৪৩. *বাংলাদেশের মূলধারার চলচ্চিত্রে সহকারী নারী শিল্পীর (এক্সট্রা) আর্থ- সামাজিক অবস্থা: একটি তুলনামূলক চিত্র*, জয়শ্রী সরকার, ২০১৮।
৪৪. *নায়করাজ রাজ্জাক : জীবন ও কর্ম*, ইসমত জেরিন, ২০১৮।
৪৫. *আমাদের চলচ্চিত্রে '৫২-র উপস্থাপন: অনুসন্ধান ও পর্যালোচনা*, নাবিল আল জাহান, ২০১৮।
৪৬. *বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী*, ২০১৮।

**প্রকাশের প্রক্রিয়াধীন**

৪৭. *চলচ্চিত্রকার সুভাষ দত্ত : জীবন ও কর্ম*, ড. মাসুদ রেজা।
৪৮. *রওশন জামিল: সরল জীবনের শিল্পী*, ড. শেখ মেহেদী হাসান।
৪৯. *বাংলাদেশের চলচ্চিত্রে নদী*, ড. আখতারজাহান।
৫০. *বাংলা চলচ্চিত্রে দেশভাগের স্মৃতি রূপায়ন*, ফাতিমা আমিন।
৫১. *আলমগীর কবিরের চলচ্চিত্র: বিষয় আঙ্গিক ও নির্মাণ স্বাতন্ত্র্য*, ফাহমিদা আক্তার।




***ভবন উদ্বোধন ফলক***

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নবনির্মিত ভবন উদ্বোধন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অগ্রযাত্রায় এক নতুন মাইলফলক। সুপরিসর ও অত্যাধুনিক নতুন ভবনে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবে। প্রতিষ্ঠানটির ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের সঙ্গে সঙ্গে কর্মীগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভকে সমৃদ্ধ ও বিকশিত করে বিশ্বমানের প্রতিষ্ঠানে পরিণত করবে- আজকের শুভ দিনে এটাই সকলের অঙ্গীকার।